দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JUN 1996
পৃঃ ৮২ কলাম ২

129

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাড়ে ৫৮ কোটি টাকার বাজেট প্রণয়ন

**আনোয়ার আলদীন** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-'৯৭ আর্থিক বছরের জন্য ১০ কোটি ৮০ লক্ষ টাকার ঘাটতিসহ ৫৮ কোটি ৪৩ লক্ষ টাকার রাজস্ব বাজেট প্রণয়ন করা হইয়াছে। সম্প্রতি সিণ্ডিকেটের এক সভায় ২৬শে জুন অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে এই বাজেট উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের ঐ সভায় চলতি ১৯৯৫-৯৬ অর্থ বছরের ৫৬ কোটি ৯৭ লক্ষ টাকার সংশোধিত বাজেটও পেশ করা হয়।

প্রস্তাবিত ১৯৯৬-'৯৭ আর্থিক বছরের বাজেটে রাজস্ব আয় ধরা হইয়াছে ৪৯ কোটি ৭৬ লক্ষ টাকা এবং ব্যয় ৫৮ কোটি ৪৩ লক্ষ টাকা। রাজস্ব আয়ের ৪৯১ কোটি ৭৬ লক্ষ টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং ৮ কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস হইতে সংগৃহীত হইবে। বাজেট ঘাটতির ১০ কোটি ৯০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ মঞ্জুরির জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে অনুরোধ জানান হইয়াছে। প্রস্তাবিত বাজেটে উল্লেখযোগ্য ব্যয়ের খাতসমূহ হইতেছে: শিক্ষকদের বেতন বাবদ ১৬ কোটি ১৯ লক্ষ টাকা, কর্মচারীদের বেতন ১২ কোটি ৬৯ লক্ষ টাকা, শিক্ষক, কর্মকর্তাদের পেনশন খাতে ৮ কোটি টাকা, কর বাবদ ২ কোটি ১০ লক্ষ, বিদ্যুৎ-১ কোটি ৯৩ লক্ষ, বিভিন্ন ভবন রক্ষণাবেক্ষণ খাতে ১ কোটি ৮১ লক্ষ, পরীক্ষা ব্যয় ১ কোটি ৫৪ লক্ষ, পরিবহন খাতে ১ কোটি ২ লক্ষ টাকা। শিক্ষার মান উন্নয়নে মাত্র ৭৫ লক্ষ টাকার বরাদ্দ রাখা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের সবচাইতে গুরুত্বপূর্ণ এই খাতে প্রস্তাবিত মোট বাজেটের শতকরা ১ দশমিক ২৮ ভাগ অর্থ ব্যয় করা হইবে। নিজস্ব আয়ের উৎসসমূহ হইতেছে: ছাত্রদের নিকট হইতে পরীক্ষা ফি বাবদ ৮১ লক্ষ টাকা, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বাসা-বাড়ী ভাড়া হইতে প্রাপ্তব্য ৫০ লক্ষ টাকা, নিজস্ব প্রকাশনা হইতে ৩০ লক্ষ টাকা, বিশ্ববিদ্যালয়ের সাহায্যকারী কার্যক্রম ও মুদ্রণালয় হইতে ১৫ লক্ষ টাকা, ছাত্র পরিবহন হইতে ১৫ লক্ষ টাকা, হল-হোষ্টেল সমূহ হইতে ১০ লক্ষ টাকা প্রভৃতি। নিজস্ব আয় খাতে প্রস্তাবিত বাজেটে, অতিরিক্ত অর্থ এবং উৎস সংযোজন করা হয় নাই।